# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION
BCIC BHABAN, 30-31, DILKUSHA C.A., DHAKA-1000, BANGLADESH
www.bcic.gov.bd


সূত্র নং-৩৬.০১.০০০০.১২৬.১১.৪০১.২০/৪৪৭ তারিখঃ ২২ ডিসেম্বর, ২০২০ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন-এর নিয়ন্ত্রণাধীন কারখানাসমূহে/বাফার গুদামসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শূন্যপদ সমূহে উপযুক্ত প্রার্থীদেরকে অন-লাইনে দরখাস্ত আহ্বান করা হচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড | বেতন স্কেল | বয়স সীমা (বছর) | আবেদনের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) | ০৪ | ৯ম | ২২০০০-৫৩০৬০/- | ৩০ | স্ব স্ব ক্ষেত্রে ১ম শ্রেণীতে স্নাতকোত্তর অথবা, পূর্বতন পাবলিক পরীক্ষার যে কোন ২টি পরীক্ষায় ১ম বিভাগ সহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা এমবিএ ডিগ্রী অথবা ৪ বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী।। |
| ০২ | হিসাব কর্মকর্তা | ০৫ | ৯ম | ২২০০০-৫৩০৬০/- | ৩০ | ১ম শ্রেণিতে বাণিজ্য / পরিসংখ্যান / অর্থনীতিতে স্নাতকোত্তর অথবা, পাবলিক পরীক্ষার যে কোন ২টি পরীক্ষায় ১ম বিভাগ সহ ২য় শ্রেণিতে উক্ত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী।। |
| ০৩ | সহকারী ব্যবস্থাপক (বাণিজ্যিক) | ০৪ | ৯ম | ২২০০০-৫৩০৬০/- | ৩০ | স্ব স্ব ক্ষেত্রে ১ম শ্রেণির স্নাতকোত্তর অথবা, পূর্বতন পাবলিক পরীক্ষার যে কোন ২টি পরীক্ষায় ১ম বিভাগ সহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা, এমবিএ ডিগ্রী অথবা ৪ বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী। |
| ০৪ | সহকারী প্রশাসনিক কর্মকর্তা | ০৯ | ১০ম | ১৬,০০০-৩৮৬৪০/- | ৩০ | স্নাতকোত্তর অথবা স্ব স্ব ক্ষেত্রে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী অথবা ৪ বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী।। |
| ০৫ | সহকারী হিসাব কর্মকর্তা | ০৯ | ১০ম | ১৬,০০০-৩৮৬৪০/- | ৩০ | এম.কম অথবা, ৩ বছরের অভিজ্ঞতাসহ বি.কম/বি.এ ডিগ্রী অথবা ৪ বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী।। |
| ০৬ | সহঃ বাণিজ্যিক কর্মকর্তা | ০৮ | ১০ম | ১৬,০০০-৩৮৬৪০/- | ৩০ | স্নাতকোত্তর অথবা স্ব স্ব ক্ষেত্রে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী অথবা ৪ বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী।। |

মোট পদ= ৩৯ টি

**অনলাইনে আবেদন ফরম পূরণের ক্ষেত্রে এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তগুলি অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ**

১. আগামী ২৮ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ তারিখ থেকে অনলাইনে নিয়মাবলী অনুসরণ করে আবেদন ফরম পূরণ করা যাবে। নিয়মাবলী অনুসরণ করে পরীক্ষার ফি বাবদ ৫০০ (পাঁচশত) টাকা SMS এর মাধ্যমে পাঠাতে হবে। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী ও নিয়মাবলী বিসিআইসি'র নিজস্ব ওয়েব সাইট **www.bcic.gov.bd** এবং **http://bcic.teletalk.com.bd** এ পাওয়া যাবে। অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ১৪ জানুয়ারী, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত।

২. আবেদনপত্র গ্রহণ শুরুর তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে।

৩. বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪. লিখিত, মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ এবং চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের চাকুরীতে প্রথম যোগদান পর্যন্ত কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫. এই নিয়োগ ও নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) বিসিআইসি'র নিজস্ব ওয়েব সাইট **www.bcic.gov.bd** এ পাওয়া যাবে। আবেদনের সময় হ্রাস/বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি, লিখিত পরীক্ষার ফলাফল, মৌখিক পরীক্ষার সিডিউল, চূড়ান্ত ফলাফল, নিয়োগপত্র সহ সকল তথ্য **www.bcic.gov.bd** এ প্রকাশ করা হবে।

শেঃ.

চলমান পাতা-২

**লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য করণীয়ঃ**

০৬. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ও মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর ১০ কর্মদিবসের মধ্যে নিয়োগ ও প্রশিক্ষণ উপ-বিভাগ, বিসিআইসি, বিসিআইসি ভবন (৬ষ্ঠ তলা), ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবরে সরাসরি/ রেজিস্টার্ড ডাকযোগে নিম্নোক্ত কাগজপত্র ও সনদসমূহ ২ (দুই) সেট জমা দিতে হবে। খামের উপরে ও আবেদনপত্রে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
সরকার কর্তৃক নির্ধারিত চাকুরীর আবেদন ফরম এর অনুরূপ তথ্য ফরম পূরণ করে এর সাথে (ক) অনলাইনে পূরণকৃত আবেদন পত্রের Applicant Copy এর প্রিন্ট কপি, (খ) প্রবেশপত্র, (গ) আবেদনে উল্লিখিত সকল সনদ/কাগজাদি, (ঘ) সদ্যতোলা চার কপি পাসপোর্ট সাইজের ছবি, (ঙ) নিজ জেলার পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র অথবা, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (চ) চারিত্রিক সনদপত্র ও (ছ) অভিজ্ঞতার সনদ (যদি থাকে) জমা দিতে হবে। ছবিসহ সকল ডকুমেন্ট প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৭. যে সকল প্রার্থী বিদেশ হতে ইঞ্জিনিয়ারিং /স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি অথবা প্রযোজ্য ক্ষেত্রে যে কোন ডিগ্রি অর্জন করেছেন তাদের বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/শিক্ষা মন্ত্রণালয় হতে ইকুইভ্যালেন্স সংক্রান্ত যথাযথ প্রত্যয়ন পত্র অবশ্যই দাখিল করতে হবে।

০৮. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন প্রেরণ করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নো অবজেকশন সার্টিফিকেট(এনওসি)/অনাপত্তি পত্র দাখিল করতে হবে। এতদভিন্ন পূর্বের চাকুরীস্থলের আপত্তি পাওয়া গেলে প্রার্থীর নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯. চূড়ান্তভাবে নির্বাচিত এবং নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের পোস্টিংকৃত কর্মস্থলে ন্যূনতম ০৩ (তিন) বছর চাকুরী করতে হবে।

১০. চূড়ান্ত মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীকালে কোন সময়ে কোন যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, পুলিশ ভেরিফিকেশন-এ বিরূপ কোন মন্তব্য পাওয়া গেলে, স্বাস্থ্যগত অযোগ্যতার প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোন গুরুতর ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। এছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বিসিআইসি প্রবিধানমালা ৫৪ (২) অনুযায়ী বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোন উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১১. যে কোন প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং এরূপ ক্ষেত্রে নিয়োগ প্রক্রিয়া চলাকালীন যে কোন পর্যায়ে চাকুরীতে আবেদনকারীর প্রার্থীতা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২. কর্তৃপক্ষ নিয়োগের যেকোন পর্যায়ে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ পরীক্ষা ও নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(করিমুন্নিসা) 22/12/2020
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
চিফ অব পার্সোনেল এর পক্ষে।